নাটোরে নলডাঙ্গার ইউএনও আব্দুল্লাহ আল মামুন করোনা আক্রান্ত

নাটোরের নলডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার আব্দুল্লাহ আল মামুন করোনা আক্রান্ত হয়েছেন। আজ সোমবার (২৪ মে) তিনি নমুনা প্রদান করলে তার ফলাফল পজিটিভ আসে।

জানা যায়, তিনি গতকাল থেকে হালকা কাশি এবং জ্বরে ভুগছিলেন, এমত অবস্থায় আজ সকালে তিনি নাটোর সদর হাসপাতালে নমুনা প্রদান করেন এবং ফলাফলে করোনা পজিটিভ আসে তার। তবে হালকা কাশি এবং জ্বর ছাড়া তার আর কোন ধরনের সমস্যা হয়নি এবং তার অবস্থা স্থিতিশীল বলে তিনি নিশ্চিত করেছেন। তিনি সকলের কাছে তার সুস্থতা কামনা করে দোয়া চেয়েছেন। ফলাফলের পর থেকেই তিনি বাড়িতে কোয়ারেন্টাইনে রয়েছেন এবং সকল স্বাস্থ্যবিধি মেনে চলছেন বলে জানা যায়।

এ নিয়ে নাটোরে গত ২৪ ঘণ্টায় মোট ১৭ জনের করোনা শনাক্তের খবর পাওয়া যায়। তাদের মধ্যে একজন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। এ নিয়ে জেলায় মোট মৃতের সংখ্যা দাঁড়াল ২২ জনে। জেলায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা ১৬৫৪ জন।

মেহেরপুর প্রতিদিন পরিবারের পক্ষ থেকে ইউএনও আব্দুল্লাহ আল মামুনের সুস্থ্যতা কামনা করা হয়েছে।

গাংনীতে প্রতারণা চক্রের চার সদস্য গ্রেফতার

সুন্দরী নারী দিয়ে মোবাইল ফোনে প্রেমের ফাঁদে ফেলে স্বর্বশান্ত করা একটি চক্রের এক নারীসহ চারজনকে গ্রেপ্তার করেছে মেহেরপুরের

গাংনী থানা পুলিশ।

রবিবার দিবাগত রাতে বামন্দী বাজার থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এসময় উদ্ধার করে থানায় নেয়া হয় প্রতারণার স্বীকার এক ব্যবসায়িকে। এ ঘটনায় উদ্ধার হওয়া ওই ব্যবসায়ি বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন।

গ্রেপ্তারকৃতরা হচ্ছেন- বামন্দী বাজারের রতন লালের মেয়ে জোসনা রানী ও তার ভাই মেঘলাল, নজরুলের ছেলে মফিজুল ইসলাম ও আব্দুর রবের ছেলে মকলেছুর রহমান। দীর্ঘদিন এরা মোবাইল ফোনে প্রেমের ফাঁদ পেতে যুবক ও ব্যবসায়িদের ডেকে নিয়ে ভিডিও করা ছাড়াও ব্লাক মেইল করার ভয় দেখিয়ে মোটা অংকের টাকা আদায় করতেন।

পুলিশ জানায়,জোসনা রানীকে দিয়ে এ চক্রের সদস্যরা মোবাইল ফোনে বিভিন্ন ব্যবসায়ি ও যুবকদের সাথে সখ্যতা গড়ে তোলে কৌশলে ডেকে নিতো। পরে স্থানীয় যুবকরা তাকে একটি ঘরে আটক রেখে মোটা অংকের টাকা আদায় করতো। কয়েকদিন আগে মেহেরপুরের আহসান আলী নামের এক ব্যবসায়ি সাথে মোবাইল ফোনে পরিচয় হয় জোসনার। রোববার দুপুরে তাকে কৌশলে ডেকে নিয়ে একটি ঘরে আটক রেখে মোবাইল ফোনে ভিডিও ধারণ করে জোসনা ও তার সঙ্গীরা। এসময় তার কাছ থেকে ১২ হাজার টাকা ছিনিয়ে নেয় এবং পাঁচ লাখ টাকা দাবী করে। বিষয়টি জানতে পেরে গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে ওই ব্যবসায়িকে উদ্ধার করে এবং প্রতারক চক্রের চারজনকে গ্রেপ্তার করে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ওই নারীর বিরুদ্ধে অনৈতিক এবং সামাজিক অবক্ষয় সৃষ্টির অভিযোগে নরসিংদী জেলায় দায়ের করা দুটি মামলায় গ্রেফতারী পরোয়ানা রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে।

চুয়াডাঙ্গায় বজ্রপাতে একজন

নিহত

চুয়াডাঙ্গায় বজ্রপাতে আশাদুল হক নামের একজন পাওয়ার ট্রিলার চালক নিহত হয়েছে। রবিবার দুপুরে চুয়াডাঙ্গা সদর উপজেলার শ্রীকোল বোয়ালিয়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত আশাদুল হক (৪২) চুয়াডাঙ্গা সদর উপজেলার হানুরবাড়াদি গ্রামের স্কুলপাড়ার মৃত আইয়ুব আলীর ছেলে। এ ঘটনায় আহত হয়েছে শ্রীকোল বোয়ালিয়া গ্রামের মৃত লাল মোহাম্মদের ছেলে রবিউল ইসলাম (৬৫)। আহত রবিউল ইসলামকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রাখা হয়েছে।

জানা গেছে, আজ দুপুরে শ্রীকোল বোয়ালিয়া স্কুলের নিকট একটি আম বাগান থেকে পাওয়ার ট্রিলারে আম বোঝায় করে চুয়াডাঙ্গা যাচ্ছিলেন আশাদুল হক। এসময় শুরু হওয়া বৃষ্টির সাথে বজ্রপাতে ঘটনাস্থলেই নিহত হয় আশাদুল হক। এসময় তার সাথে থাকা রবিউল ইসলাম আহত হয়। স্থানীয় লোকজন আহত রবিউল ইসলামলে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে। নিহত আশাদুল হকের লাশ তার নিজ বাড়িতে নেয়া হয়েছে ।

গাংনীতে এনআইডি নিতে এসে জানলেন তারা মৃত!

মেহেরপুরের গাংনীতে দুই ব্যাক্তি এনআইডি (জাতীয় পরিচয় পত্র) কার্ড সংগ্রহ করতে এসে তারা জানতে পারলেন অনেক আগেই তারা মৃত বরণ করেছেন। অফিস তথ্যে লেখা হয়েছে এমন তথ্য।

ইউপি চেয়ারম্যান বলছেন, এমন অনেক ক্ষেত্রেই হয়েছে। কবে এ তথ্য পুনরাই সংশোধন করা কঠিন বিষয়। নির্বাচন অফিস বলছেন এমন অনেকের ক্ষেত্রেই হয়েছে, এটি কাদের ভুল তা বলা যাচ্ছেনা।

রবিবার সকাল ১১ টার দিকে মেহেরপুরর গাংনী উপজেলা নির্বাচন অফিসে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংগ্রহ করতে আসেন গাংনী আড়পাড়া গ্রামের ৭৫ বছর বয়সি রবকুল ৫৫ বছর বয়সী নাসিরের স্ত্রী মোছাঃ মুর্শিদা খাতুন।

ভুক্তভোগী মুর্শিদা খাতুনের আইডি নং (৫৭১৪৭২১৩৭৬৩৩১) জানান, তিনি স্বামীর মৃত্যুর পর সংসারে অভাব অনটনে দিনানিপাত করছি। বিভিন্ন মহলে যোগাযোগ করে সমাজ সেবা অধিদপ্তর থেকে বিধবা ভাতা পওয়ার জন্য তালিকা ভুক্ত হয়েছি। তার নামে একটি বিকাশ একাউন্ট করতে হবে। বিকাশ একাউন্ট করতে এনআইডি স্মার্ট কার্ড প্রয়োজন। রবিবার সকালে নির্বাচন অফিসে স্মার্ট কার্ড সংগ্রহ করতে আসলে অফিসের লোকজন আমাদের নামের কার্ড বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন। অফিসের তথ্য অনুযায়ী আমাদের তথ্যে মৃত বলা হয়েছে। স্মার্ট কার্ড ব্যাতিত আমরা সিমকার্ড পাচ্ছিনা। আমি জীবীত থাকা সত্বেও মৃত বলা হচ্ছে। একারনে আমাদের ভাতার টাকা পাচ্ছিনা। আমরা গ্রামের অশিক্ষিত মানুষ এর থেকে উত্তরনের উপায় কী? তাও জানিনা। একই কথা জানালেন আর এক ভুক্তভোগী রবকুল।

এর আগে একই সমস্যায় পড়েন কোদাইল কাটি রাজাপুর গ্রামের ৭১ বছর বয়সি মুনসুর আলী। নির্বাচন অফিসের তথ্য অনুযায়ী তিনিও মৃত।

ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, এমন বেশ কয়েকজন আমার কাছে এসেছিলেন। সমস্য হয়েছে তথ্য সংগ্রহকারীদের ভুলে। তবে ভুক্তভোগীদের বিষয়টি বিবেচনা করে সমস্যার সমাধান করা হবে।

নাম প্রকাশ না করার শর্তে একজন এনআইডি কার্ডের তথ্য সংগ্রহকারি বলেন, অল্প সময়ের মধ্যে আমাদের তথ্য সংগ্রহ করতে বলা হয়। তাছাড়া গ্রামের মানুষ বিষয়টি প্রাথমিক অকস্থায় গুরুত্বহীন ভেবে ভুলভাল তথ্য প্রদান করেন। যখন বিপদে পড়েন তখন তথ্য সংগ্রহ কারীদের দোষারোপ করেন।

গাংনী উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ বলেন, জাতীয় পরিচয় পত্র(এনআইডি) তথ্য সংগ্রহ কারিদের ভুল। এমন সমস্যা কয়েক জনের নয়। মুজিবনগর উপজেলায় এমন সমস্যায় পড়েন এপর্যন্ত ৭ জন এবং গাংনী উপজেলায় ৯ জন। তবে সমস্যার সমাধানের সুযোগ রয়েছে বলে জানান এ কর্মকর্তা।

লকডাউন শিথিল করল সরকার

দ্বিতীয় ঢেউয়ে সংক্রমণ নিয়ন্ত্রণে রাখতে চলমান সর্বাত্মক (কঠোর) লকডাউন শেষ হচ্ছে আজ। এমতাবস্থায় লকডাউন শিথিল করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। নতুন কিছু শর্ত যোগ করে ৩০ মে মধ্যরাত পর্যন্ত লকডাউন বাড়ানো হয়েছে।

রোববার মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন অধিশাখা থেকে স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, আন্তঃজেলাসহ সব যানবাহন চলাচল করবে অর্ধেক যাত্রী নিয়ে। তবে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।

হোটেল, রেস্তোরাঁ ও খাবার দোকান খুলে দেওয়া হবে। তবে আসন সংখ্যার অর্ধেক সেবাগ্রহীতা সেবাগ্রহণ করতে পারবেন।

মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব মো. রেজাউল করিম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯ সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনা করে পূর্বের সব বিধিনিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় ২৩ মে মধ্যরাত থেকে আগামী ৩০ মে মধ্যরাত পর্যন্ত এ বিধিনিষেধ আরোপের সময়সীমা বাড়ানো হলো।’

প্রসঙ্গত করোনার দ্বিতীয় ঢেউ সামাল দিতে লকডাউন আরও সাত দিন বাড়িয়ে ৩০ মে পর্যন্ত বহাল রাখার সুপারিশ করেছিল মন্ত্রিপরিষদ বিভাগ। বিষয়টি শনিবার জানিয়েছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

ফরহাদ হোসেন শনিবার বলেছিলেন, বিধিনিষেধ বাড়বে কিনা- এ রকম কিছুই বলা যাবে না। বিষয়গুলো পর্যালোচনা চলছে। প্রধানমন্ত্রী সিদ্ধান্ত দেবেন। এখন সব বিষয় নিয়ে আলোচনা হবে।

প্রতিমন্ত্রী আরও বলেছিলেন, আমরা অনেক দিন ধরে বিধিনিষেধ চালিয়ে আসছি। সব কিছু চিন্তাভাবনা করেই সিদ্ধান্ত নিতে হবে।

মার্চের শেষ দিকে দেশে করোনার দ্বিতীয় ঢেউ শুরু হয়। করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে সরকার প্রথমে ৫ এপ্রিল থেকে

সাত দিনের জন্য গণপরিবহন চলাচলসহ বিভিন্ন ক্ষেত্রে বিধিনিষেধ জারি করেছিল। পরে তা আরও দুদিন বাড়ানো হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে না আসায় ১৪ থেকে ২১ এপ্রিল পর্যন্ত কঠোর বিধিনিষেধ দিয়ে ‘সর্বাত্মক লকডাউন’ শুরু হয়। সেটি পরে ২৮ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়। পরে আরও তিন দফা লকডাউনের মেয়াদ বাড়ানো হয়। সে সময়ে বিধিনিষেধের শর্তেও নানান পরিবর্তন আনা হয়।

সেই মেয়াদ শেষ হবে আজ রোববার মধ্যরাতে।

সাংবাদিক আল আমীনের জামিন

মেহেরপুরের গাংনীতে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় গ্রেফতার সাংবাদিক আল আমীনকে জামিন দিয়েছে আদালত।
শনিবার বিকাল সাড়ে ৫টায় জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট বেগম রাফিয়া সুলতানার আদালতে জামিন আবেদন করলে জামিন মঞ্জুর করে আদালত। জামিনের বিষয়টি নিশ্চিত করেছেন মেহেরপুর কোর্ট পুলিশ পরিদর্শক গোলাম মোহাম্মদ। আসামী পক্ষের ছিলেন আইনজীবি শফিকুল আলম।
এর আগে শনিবার ভোরে গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। আল আমিন ঢাকা থেকে প্রকাশিত বিজনেস বাংলাদেশ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি।
উল্লেখ্য: ২০২০ সালের ১১ মে স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি শিরোনামে সংবাদ প্রকাশিত হওয়ার পর গাংনী আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন বাদী হয়ে গাংনী থানায় মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন ও যুগ্ন সম্পাদক আল আমীনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলাটি দায়ের করেন। মামলা নং ১২ তাং ১৩-০৫-২০২০ইং।

দুলাভাইয়ের পরকীয়ায় আত্মাহুতি দিলেন শ্যালিকা

পাবনার ভাঙ্গুড়ায় দুলাভাইয়ের সঙ্গে পরকীয়ার জেরে সেলিনা খাতুন সুমি (২২) নামে এক কলেজছাত্রী গ্যাস ট্যাবলেট সেবনে আত্মহত্যা করেছে। এমনটাই দাবি সুমির পরিবারের।

শনিবার ময়নাতদন্ত শেষে সুমির লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

মৃত সুমি উপজেলার খানমরিচ ইউনিয়নের চাগ্দিগর গ্রামের আবুল কাশেমের মেয়ে। তিনি পাবনা এডওয়ার্ড কলেজের ছাত্রী ছিলেন। সুমির দুলাভাই ফজলু একজন ক্যবল ব্যবসায়ী। প্রায় ১৫ বছর আগে সুমির বড় বোনের সঙ্গে তার বিয়ে হয়।

সুমির পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে জানা যায়, ফজলু হকের সঙ্গে সুমির বড়বোন জোস্না খাতুনের প্রায় ১৫ বছর আগে বিয়ে হয়। ফজলুর বাড়ি একই ইউনিয়নের রামনগর গ্রামে। সম্প্রতি ফজলুর সঙ্গে শ্যালিকা সুমির পরকীয়া সম্পর্ক গড়ে ওঠে। এই নিয়ে জোস্নার সঙ্গে ফজলুর সম্পর্কের চরম অবনতি ঘটে।

এক পর্যায়ে দুই বছর আগে তাদের তালাক হয়। এর পর ফজলু শ্যালিকা সুমিকে কাবিন রেজিস্ট্রি ছাড়াই গোপনে বিয়ে করে। বিয়ের পর থেকে সুমি নিজ বাড়িতেই থাকত। এক পর্যায়ে সুমি অন্তঃসত্ত্বা হয়ে পরলে ফজলু নিকট আনুষ্ঠানিক স্বীকৃতি চায়। কিন্তু কৌশলে সময়ক্ষেপণ করতে থাকে। ফজলুর টালবাহানায় নিরুপায় হয়ে সুমি শুক্রবার সন্ধ্যায় নিজ বাড়িতে গ্যাস ট্যাবলেট খেয়ে আত্মহত্যা করে।

সংশ্লিষ্ট ইউপি সদস্য কফিল উদ্দিন বলেন, কলেজছাত্রীর আত্মহত্যার ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এলাকাবাসী আত্মহত্যার প্রকৃত কারণ উদঘাটন করে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

খানমরিচ ইউনিয়নের বিট পুলিশিং কর্মকর্তা এসআই রমজান আলী বলেন, ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এখন আত্মহত্যার প্রকৃত কারণ অনুসন্ধান করা হচ্ছে।

জাবিতে ভর্তি পরীক্ষার আবেদন ২০ জুন শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনের তারিখ নির্ধারণ করা হয়েছে ২০ জুন থেকে ৩১ জুলাই পর্যন্ত। গত বছরের নিয়মেই অনুষ্ঠিত হবে এবারের ভর্তি প্রক্রিয়া। তাই এবারও পরীক্ষা দেওয়ার সুযোগ পাচ্ছে দ্বিতীয়বারের ভর্তিচ্ছুরা। বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) ও জাবির কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব আবু হাসান মঙ্গলবার বিকালে যুগান্তরকে এই তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, মঙ্গলবার কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটির সভায় চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয় যে ‘ভর্তি পরীক্ষা আগের নিয়মেই হবে।’ ভর্তি পরীক্ষার আবেদন ফিও গতবছরের মতোই থাকবে। এছাড়া এ বছরও সুযোগ পাবে দ্বিতীয়বারের ভর্তিচ্ছুরা। ভর্তি পরীক্ষার তারিখ নির্দিষ্ট হয়নি উল্লেখ করে তিনি বলেন, করোনা পরিস্থিতি পুনর্বিবেচনা করে ভর্তি পরীক্ষার চূড়ান্ত তারিখ পরে নির্ধারণ করা হবে।

পূর্বের নিয়ম বহাল থাকায় এবার ভর্তি পরীক্ষায় এবিসিডি এবং ই এই পাঁচটি ইউনিটের প্রতিটিতে আবেদন মূল্য ৬০০ টাকা। এছাড়া সি-১, এইচজিআই এবং এফ ইউনিটের ফরমের মূল্য হবে ৪০০ টাকা করে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায়

শ্রমিক নিহত

মুজিবনগর ইট ভাঙা গাড়ীর নিয়ন্ত্রন হারিয়ে ইজারুল ইসলাম (৪৮) নামে এক শ্রমিক নিহত হয়েছেন।

শনিবার সকাল সাড়ে ছয়টার দিকে মুজিবনগর উপজেলার বল্লভপুর আনন্দবাস সড়কের বাগোয়ান অফিস মোড়ে এ দূর্ঘটনা ঘটে। নিহত ব্যাক্তি দারিয়াপুর গ্যাজাল পাড়ার মওলা বক্স এর ছেলে।

প্রত্যক্ষদর্শী বাগোয়ান অফিস মোড়ের চায়ের দোকানদার রকিবুল জানান, সকাল ৬টার দিকে বল্লভপুরের দিক থেকে ইট ভাঙ্গা গাড়িতে করে দারিয়াপুর ও পুরন্দরপুর গ্রামের ইটভাঙ্গা শ্রমিক আনন্দবাস গ্রামের দিকে যার পথে আমার চায়ের দোকোনের আগে ব্যাক ঘুরতে গেলে নিয়ন্ত্রন হারিয়ে গাড়িটি রাস্তার পাশে গর্তে উল্টিয়ে যায়। এতে করে ইজারুল ইসলাম ঘটনাস্থলেই মারা যান। এছাড়া গাড়ির নিচে চাপা পড়ে ঘটনাস্হলে কয়েক জন সামান্য আহত হয়।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এর কর্তব্যরত ডাক্তার জানান, সকাল পৌনে ৭ টার দিকে ইজারুল কে হাসপাতালে নিয়ে আসে লোকজন কিন্তু হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম।

মেহেরপুরে ডিজিটাল নিরাপত্তা মামলায় সাংবাদিক আল আমিন গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে সংবাদ প্রকাশের জেরে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় সাংবাদিক আল আমিন হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার ভোরে গাংনী পৌর শহরের বাঁশবাড়িয়া গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা

হয়।

আল আমিন হোসেন বাঁশবাড়িয়া গ্রামের মৃত আব্বাস আলীর ছেলে ও ঢাকা থেকে প্রকাশিত বিজনেস বাংলাদেশ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি। তিনি মেহেরপুর প্রতিদিনের সাবেক যুগ্ম সম্পাদক।

মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এস আই সুমন জানান, ডিজিটাল নিরাপত্তা আইনে মামলায় আদালতের পরোয়ানা থাকায় সাংবাদিক আল আমিন হোসেনকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য: ২০২০ সালের ১১ মে স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় ‘গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড, ২৬ বছর দখলে রেখেছে পরের বাড়ি’ শিরোনামে সংবাদ প্রকাশিত হওয়ার পর গাংনী আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ভাগ্নে সবুজ হোসেন বাদী হয়ে গাংনী থানায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও যুগ্ন সম্পাদক আল আমিনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলাটি দায়ের করেন। মামলা নং ১২, তাং ১৩-০৫-২০২০ইং। মামলায় নিম্ম আদালত থেকে তারা জামিনে ছিলেন। সম্প্রতি পুলিশ তদন্ত প্রতিবেদন দাখিল করলে আদালত পরিবর্তন হয় এবং বিচারক আসামিদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। তবে সংবাদ প্রকাশকে কেন্দ্র করে মামলা হলেও তিনি এখনো সেই বাড়ি ছাড়েননি।

যে সংবাদ প্রকাশের কারণে উপরোক্ত মামলা নিচে তার লিংক দেওয়া হলো

গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড; ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি